গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কিশোরগঞ্জ, নীলফামারী।
http//kishoriganj.nilphamari.gov.bd

স্মারকনং ০৫.৪৭.৭৩৬৪.০০১.৩১.০০১.২৪-০৫

তারিখ: ২১ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
০৫ জানুয়ারী ২০২৫ খ্রি

কিশোরগঞ্জ উপজেলার জলমহাল ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা নিবন্ধিত মৎস্যজীবী সমিতির/ সংগঠনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কিশোরগঞ্জ উপজেলাধীন উল্লিখিত ২০ একর পর্যন্ত খাস (বদ্ধ) জলমহালসমূহ নির্ধারিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে বাংলা ১৪৩২ বঙ্গাব্দ হতে ১৪৩৪ বঙ্গাব্দ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদী ইজারা প্রদান করা হবে। ভূমি মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত ১৭/১২/২০২৪ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০. ০৯ (অংশ-২)-৬৯৪ নং প্রজ্ঞাপন অনুযায়ী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি কর্তৃক অনলাইনে ইজারার আবেদন করতে হবে।

আগ্রহী সমিতির সভাপতি/সম্পাদককে ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে অথবা jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে চলতি বাংলা ১৪৩২ সনের আগামী ০১ মাঘ হতে ১৪ মাঘের মধ্যে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। অনলাইনে আবেদন দাখিলের সময়সীমার পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে অনলাইন আবেদনের সকল প্রিন্ট কপিসহ জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূল কপি ও আবেদন বাবদ জমাকৃত চালানের মূল কপি সীলগালা মুখ বন্ধ খামে অফিস চলাকালীন সময়ে আবশ্যিকভাবে এ কার্যালয়ে দাখিল করতে হবে। সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ এবং এ সংক্রান্ত ভূমি মন্ত্রণালয়ের জারীকৃত পরিপত্র/নির্দেশনার আলোকে প্রাপ্ত আবেদনসমূহ নির্ধারিত সিডিউল মোতাবেক যাচাই-বাছাইঅন্তে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপনপূর্বক জলমহাল ইজারার সিদ্ধান্ত গৃহীত হবে।

ক্রমিক নং	তারিখ	গৃহীত কার্যক্রম
০১	২১ পৌষের মধ্যে	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে সাধারন আবেদনে জলমহাল ইজারার আবেদন আহ্বান।
০২	বাংলা ০১-মাঘ -১৪৩২ বঙ্গাব্দ থেকে ১৪-মাঘ-১৪৩২ বঙ্গাব্দ	অনলাইনে আবেদন দাখিল।
০৩	বাংলা ১৪ মাঘ হতে পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে	অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূল কপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল।
০৪	বাংলা ২০ মাঘ হতে ২৬ মাঘের মধ্যে	অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই।
০৫	বাংলা ২৭ মাঘ হতে ০৪ ফাল্গুনের মধ্যে	উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন।
০৬	বাংলা ০৫ ফাল্গুণ হতে ২৫ ফাল্গুনের মধ্যে	ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন।
০৭	বাংলা ২৬ ফাল্গুণ হতে ২৮ ফাল্গুনের মধ্যে	উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারা গ্রহীতাকে অবহিতকরণ।
০৮	বাংলা ২৯ ফাল্গুণ হতে ২০ চৈত্রের মধ্যে	ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্য ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারা গ্রহীতার সাথে চুক্তি সম্পাদন।
০৯	১ বৈশাখ	ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া।

চলমান পাতা-০২

১৪৩২-১৪৩৪ বঙ্গাব্দ মেয়াদে ইজারাযোগ্য জলমহালের তালিকা :

ক্রমিক নং	ইউনিয়নের নাম	জলমহালের নাম ও আয়তন (একরে)	সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর ৫(৪) (খ) অনুচ্ছেদ অনুযায়ী কাঙ্খিত নূন্যতম মূল্য	আবেদন গ্রহণের তারিখ	মন্তব্য
০১.	নিতাই	মাযান কুড়া বিল মৌজাঃ পানিয়াল পুকুর খংনং ১ দাগ এস এ ৪৯৪৮, ৫১৬৮ মোট জমি ৬.২৯ একর	৫৫,৬৫০/-	বাংলা ০১-মাঘ -১৪৩২ বঙ্গাব্দ থেকে ১৪ -মাঘ-১৪৩২ বঙ্গাব্দ	
০২	"	ভেসসির বিল- মৌজা-পানিয়াল পুকুর খং নং ১,দাগ নং এস এ ৫১৮৩ জমি- ১.৮৬ একর	৩৩,৬০০/-	ঐ	
০৩	কিশোরগঞ্জ	কঞ্চনার বিল মৌজা-মুসা দাগ নং এস এ ২৭৩৯/৩৬৮২-২.২৭ একর মৌজা-পুষনা দাগ নং এস এ ১৫৪৫-১.৩৭ ১৫৪৫/৪১৩৬-০.১২ একর সর্বমোট- ৩.৭৬ একর	৩৩,৬০০/-	ঐ	

অন্যান্য শর্তাবলীঃ

০১। আবেদনকারীকে আবেদনপত্রের সাথে আবেদন ফি (অফেরতযোগ্য) ৫০০/- (পাঁচশত টাকা) এবং জামানত (ইজারা মূল্যের ২০%) উপজেলা নির্বাহী অফিসার, কিশোরগঞ্জ, নীলফামারী বরাবরে তফসিলী ব্যাংকের পে-অর্ডার/ব্যাংক এর মাধ্যমে পৃথকভাবে জমা দিতে হবে।

০২। ইজারা প্রাপ্ত আবেদনকারীকে তার আবেদনগ্রহণের ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে প্রথম বছরের ইজারামূল্য, ইজারামূল্যের অতিরিক্ত সর্বশেষ নীতিমালা অনুসরণপূর্বক আয়কর ও মূল্য সংযোজনকর সহ সম্পূর্ণ অর্থ জমা দিতে হবে। অন্যথায় তার আবেদনপত্র বাতিল করে সমূদয় জামানত বাজেয়াপ্ত করা হবে। ইজারা প্রাপ্ত আবেদনকারীকে সংশ্লিষ্ট জলমহালের সমূদয় অর্থ পরিশোধ ও চুক্তিনামা সম্পাদন করে জলমহলের দখল বুঝে নিতে হবে।

০৩। দ্বিতীয় বছরের সম্পূর্ণ ইজারা মূল্য প্রথম বছরের ১৫ই চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। তৃতীয় বছরের সম্পূর্ণ ইজারামূল্য পুর্ববর্তী বছরের ১৫ই চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে এবং সর্বশেষ বছরের ইজারা মূল্যের সাথে জামানতের অর্থ সমন্বয় করা হবে।

০৪। আবেদনপত্রে আবেদনকারীর নাম, পিতার নাম ও ঠিকানাসহ দেয় দর অংকে এবং কথায় স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। কোন প্রকার কাটাকাটি বা ঘষা-মাঝা করা যাবেনা। প্রতিটি জলমহালের জন্য ভিন্ন ভিন্ন আবেদন দাখিল করতে হবে।

০৫। প্রত্যেক আবেদনকারীকে নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি নির্বাচিত কমিটির গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্টের সংক্রান্ত প্রত্যয়ন পত্রসহ প্রয়োজনীয় তথ্য ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে ও সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুসরণ পূর্বক এবং ১৭/১২/২০২৪ খ্রি. তারিখের ৩১.০০.০০০০ .০৫০. ৬৮. ০২০. ০৯(অংশ-২)-৬৯৪ নং প্রজ্ঞাপন অনুযায়ী আগামী- বাংলা ০১-মাঘ -১৪৩২বঙ্গাব্দ থেকে ১৪ -মাঘ-১৪৩২বঙ্গাব্দ তারিখের মধ্যে jm.lams.gov.bd ওয়েবসাইটে অনলাইনে আবেদন করতে হবে।

০৬। সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯, এ বর্ণিত অন্যান্য শর্তাবলী এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত বিধি-বিধান ইজারাদার মেনে চলতে বাধ্য থাকবেন।

০৭। ইজারাদারকে জলমহালগুলো পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে। কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে জলমহালের কোনরূপ পরিবর্তন করা যাবেনা।

০৮। ইজারাদার কোন অবস্থাতে ইজারাকৃত জলমহাল সাব-লীজ দিতে পারবেন না।

০৯। যে কোন আবেদনপত্র বাতিল বা গ্রহণ করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০৫/০১/২৫

(মৌসুমী হক)
উপজেলা নির্বাহী অফিসার
কিশোরগঞ্জ, নীলফামারী
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
Email: unokishoriganj@mopa.gov.bd

স্মারক নং ০৫.৪৭.৭৩৬৪.০০১.৩১.০০১.২৪-০৫(১৫)

তারিখ: ২১ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
০৫ জানুয়ারী ২০২৫ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

০১। সচিব, ভূমি মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। জেলা প্রশাসক, নীলফামারী।
০৪। পুলিশ সুপার, নীলফামারী।
০৫। প্রশাসক, উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ, নীলফামারী।
০৬। সহকারী কমিশনার (ভূমি), কিশোরগঞ্জ, নীলফামারী।
০৭। উপজেলা ....অফিসার, কিশোরগঞ্জ, নীলফামারী।
০৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, কিশোরগঞ্জ থানা, কিশোরগঞ্জ, নীলফামারী।
০৯। সাব-রেজিস্ট্রার, কিশোরগঞ্জ, নীলফামারী।
১০। চেয়ারম্যান ....(সকল) ইউনিয়ন পরিষদ, কিশোরগঞ্জ, নীলফামারী। তাঁকে ঢোলসহরতের মাধ্যমে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারেরজন্য অনুরোধ করা হলো।
১১। ইউনিয়ন ভূমি সহকারী/উপ-সহকারী কর্মকর্তা--(সকল) ইউনিয়ন ভূমি অফিস।তাঁকে ঢোলসহরতের মাধ্যমে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১২। সচিব, --(সকল) ইউনিয়ন পরিষদ, কিশোরগঞ্জ, নীলফামারী।
১৩। --
১৪। অফিস কপি।

০৫/০১/২৫
(মৌসুমী হক)
উপজেলা নির্বাহী অফিসার
কিশোরগঞ্জ, নীলফামারী
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
Email: unokishoriganj@mopa.gov.bd